প্রকল্প পরিচালক
আমার বাড়ি আমার খামার প্রকল্প
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ

আধাসরকারি পত্র নং-১০০ তারিখঃ ০৩.০৬.২০১৯ খ্রি.

প্রিয় উপজেলা নির্বাহী অফিসার,

পবিত্র মাহে রমজান ও ঈদুল ফিতরের শুভেচ্ছা। আপনি অবগত আছেন যে, আমার বাড়ি আমার খামার প্রকল্পের আওতায় গঠিত সমিতিসমূহের সভাপতি ও ম্যানেজারদের প্রতিমাসে ৬০০/- টাকা হারে ২৪ মাস পর্যন্ত সম্মানী ভাতা প্রদান করা হয়ে থাকে। চলতি ২০১৮-২০১৯ অর্থ বছরে সভাপতি/ম্যানেজারদের সম্মানী বাবদ প্রয়োজনীয় অর্থ তাঁর উপজেলার বিপরীতে বরাদ্দ প্রেরণ করা হয়েছে। অতীতে এ সম্মানী বিতরণের বিষয়ে দুর্নীতি/অনিয়মের অভিযোগ পাওয়া গেছে। এজন্য কিছু কর্মচারীর বিরুদ্ধে ব্যবস্থাও গ্রহণ করা হয়েছে। তাই সম্মানী বিতরণে অনিয়ম/দুর্নীতি বন্ধে চলতি অর্থ বছর হতে সভাপতি/ম্যানেজারদের প্রদেয় সম্মানী তাঁদের নামে **পল্লী** সঞ্চয় ব্যাংকে খোলা ব্যাংক হিসাবে জমা দেওয়ার নির্দেশনা দেয়া হয়েছে। চলতি জুন মাসের মধ্যে সম্মানী খাতে বরাদ্দকৃত অর্থ উপজেলা হিসাবরক্ষণ অফিস হতে উত্তোলন করে সভাপতি/ম্যানেজারদের ব্যাংক হিসেবে জমাকরণের নির্দেশনা প্রদান করতে হবে। এ বিষয়ে আমি আপনার ব্যক্তিগত মনোযোগ প্রত্যাশা করি।

সভাপতি/ম্যানেজারদের প্রদেয় সম্মানী তাঁদের সংশ্লিষ্ট সমিতিসমূহের পারফরমেন্সের ভিত্তিতে প্রদান করা সমীচীন হবে। শুধুমাত্র সমিতি গঠন হয়েছে কিন্তু কোন সঞ্চয় জমা হয়নি, ঋণ কার্যক্রম শুরু হয়নি সে সকল সমিতিসমূহে এখনই সম্মানীভাতা প্রদান সমীচীন হবে না। যদি এ ধরনের সমিতির সভাপতি/ম্যানেজারদের জন্য সম্মানীভাতার চাহিদা দেয়া হয়ে থাকে তাহলে বরাদ্দকৃত অর্থ এখনই সংশ্লিষ্ট সভাপতি/ম্যানেজারদের অনুকূলে ছাড় না করে সমিতির কাজকর্ম কিছুটা বেগবান হলে তখন ছাড় করা সঙ্গত হবে। আপাতত উক্ত অর্থ পল্লী সঞ্চয় ব্যাংকে প্রকল্পের নামে খোলা হিসাবে সংরক্ষিত থাকতে পারে। তবে বিষয়টি সম্পূর্ণভাবে আপনার স্বীয় বিবেচনাধীন। আমার বাড়ি আমার খামার প্রকল্পের স্বার্থে যে কোন ধরনের সিদ্ধান্ত গ্রহণ আপনার এখতিয়ারাধীন বলে মনে করি।

শুভেচ্ছান্তে-
একান্তভাবে আপনার

(আকবর হোসেন)
প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)

উপজেলা নির্বাহী অফিসার (সকল)
........................উপজেলা, ........................ জেলা।

প্রবাসী কল্যাণ ভবন (লেভেল-১২) ৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০
ফোন : ৯৩৫৭০৮৩, ফ্যাক্স : ৯৩৪৮২০৬, E-mail: pd@ebek-rdcd.gov.bd, Web: www.ebek-rdcd.gov.bd